চুয়াডাঙ্গায় জেলা পুলিশের আন্তঃইউনিট ফুটবল টুর্নামেন্ট; ফাইনাল খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় জেলা পুলিশের আয়োজনে মিনিস্টার গ্রুপের সহায়তায় পুলিশ সুপার কাপ আন্তঃইউনিট ফুটবল টুর্নামেন্ট ২০২৩-এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল চারটার সময় পুলিশ লাইন্স একাদশ বনাম পুলিশ অফিস একাদশের মধ্যে অনুষ্ঠিত হয়।

উক্ত খেলায় পুলিশ লাইন্স একাদশ ১-০ গোলে জয় লাভ করে।উক্ত আয়োজনে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি সফল ভাবে টুর্নামেন্ট শেষ করার জন্য এবং খেলাধুলার প্রতি বিশেষ দৃষ্টি দেওয়ার জন্য পুলিশ সুপারকে ধন্যবাদ দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মিসেস পুলিশ সুপার ও সভানেত্রী পুনাক ফরিদা ইয়াসমিন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, সহ-সভানেত্রী (পুনাক) নাহিদা আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসার-ফোর্স ও সদস্যবৃন্দ।

চুয়াডাঙ্গায় জাতীয় কন্যাশিশু দিবস পালিত

চুয়াডাঙ্গায় জাতীয় শিশু কন্যা দিবস ২০২৩ পালিত হয়েছে। আজ শনিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও মহিলা বিষয়ক

অধিদপ্তরের আয়োজনে দিবসটি পালিত হয়। দিবসে এবারের প্রতিপাদ্য বিষয় ছিলো “বিনিয়োগে অগ্রাধিকার, কন্যা শিশুর অধিকার।

দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি বলেন, সারা বিশ্বেই নানা কারণে কন্যাশিশুরা বেশ অবহেলিত। স্বাস্থ্য, শিক্ষা, মর্যাদা, ভালোবাসা সব দিক থেকেই বলতে গেলে তারা বঞ্চিত। শুধু যে আমাদের দেশের চিত্র এমন তা কিন্তু নয়। সারা বিশ্বেই কোনো না কোনো জায়গায় প্রতি মুহূর্তে অবহেলার শিকার হচ্ছে কন্যাশিশু। পরিবার ছাড়াও সামাজিকভাবেও তারা হচ্ছে বিভিন্নভাবে নির্যাতিত। সামাজিক, রাজনৈতিক কর্মক্ষেত্রসহ সমস্ত স্থানে নারী-পুরুষের ভেদাভেদ দূরীকরণ হলো কন্যাশিশু দিবস অন্যতম উদ্দেশ্য। গৃহ-পরিবেশে একজন পুত্রসন্তানকে যেভাবে গুরুত্ব সহকারে আদর-যত্নে লালনপালন, শিক্ষার প্রতি যেভাবে গুরুত্ব দেওয়া হয়, সেভাবেই একজন কন্যাশিশুর মানসিক নিপীড়নের হাত থেকে মুক্ত করার কথাই উচ্চারিত হয়ে থাকে এ দিবসে। এ সময় তিনি সকল শিশু কন্যাকে এই দিবসের শুভেচ্ছা জানান।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ ও প্রশাসন) মোঃ রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) মোঃ নাজমুল হামিদ রেজা,স্বাগত বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক(ভা:) মাকসুরা জান্নাত। এসময় চুয়াডাঙ্গার বিভিন্ন মহিলা সমিতির সদস্যদের মাঝে স্বেচ্ছাসেবী মহিলা সমিতির ২০২২-২৩ অর্থবছরের অনুদানের চেক বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় চাঁদা না দেওয়ায় ব্যবসায়ীর বাড়িতে বোমা হামলা, গ্রেপ্তার ৩

আলমডাঙ্গার ভোগাইল বগাদি পান ব্যবসায়ীর নিকট ১ লাখ টাকা চাঁদার দাবিতে বাড়িতে বোমা হামলাকারী তিন সদস্যকে গ্রেপ্তার করেছে

পুলিশ। আজ শনিবার থানাপুলিশ তথ্যপ্রযুক্তি ব্যবহার করে তাদের গ্রেপ্তার করে।

গ্রেপ্তারকৃতরা হলেন- উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইল বগাদি গ্রামের আব্দুল্লাহ’র ছেলে রকিবুল ইসলাম (৩৬), একই ইউনিয়নের সাহেবপুর গ্রামের মৃত রমজান আলীর ছেলে রাজ্জাক আলী (৪৩) ও মেহেরপুর জেলার গাংনী থানার সাহারবাটী এলাকার মৃত বিল্লাল হোসেনের ছেলে স্বপন আলী (৩৩)। আজ শনিবার দিবাগত রাতে পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন এলাকা থেকে তাদের গ্রেপ্তার করে।

পুলিশ জানায়, উপজেলা ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইল বগাদি গ্রামের মিন্টু হোসেন তিনি একজন পান ব্যবসায়ী। গত ২০ সেপ্টেম্বর থেকে বেশ কয়েকদিন মোবাইল ফোনের মাধ্যমে ১ লাখ টাকা চাঁদা দাবি করে আসছিল কে বা কারা। উক্ত চাঁদার টাকা না পেয়ে গত ২৮শে সেপ্টেম্বর রাতে দুস্কৃতিকারীরা মিন্টুর বাড়িতে বোমা হামলা করে। ঘটনার পর থেকে মিন্টু ও তার পরিবার ভিতস্থ হয়ে পড়ে। অজ্ঞাত ব্যক্তি পুলিশের জরুরি সেবা ৯৯৯-এ ফোনের মাধ্যমে আলমডাঙ্গা থানা পুলিশকে অবগত করেন। গতকাঅল শুক্রবার রাতে চাঁদা দাবি ও বোমা হামলা সংক্রান্ত একটি মামলা আলমডাঙ্গা থানায় রুজু হয় ।

আরো জানান, মামলার পরপরই পুলিশ তদন্ত শুরু করে । তথ্যপ্রযুক্তি ব্যবহার করে মামলার ৬ ঘন্টার ব্যবধানে বোমা হামলাকারী তিন সদস্যকে গ্রেপ্তার করে পুলিশ। পরে তাদের চুয়াডাঙ্গা কোর্টে প্রেরণ করা হয়।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, শুক্রবার রাত ৯ টার দিকে চাঁদা ও বোমা হামলার ঘটনায় একটি মামলা রুজু হয়। ওই রাতেই পুলিশের এক্সপার্ট অফিসারেরা তথ্যপ্রযুক্তি ব্যবহার করে মামলার ৬ ঘন্টার মধ্যে তিনজন আসামীকে গ্রেপ্তার করেন। তারা চুয়াডাঙ্গা আদালতের বিজ্ঞ ম্যাজিস্ট্রেটের নিকট স্বীকারোক্তি দিয়েছে।

আলমডাঙ্গার জামজামি ইউনিয়নে কর্মী সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গার জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিকেলে ঘোষবিলা মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মি সভা অনুষ্ঠিত হয়।

কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,জামজামি ইউনিয়নের এই কর্মি সমাবেশ আজকে জনসভায় রুপ নিয়েছে। আমি খুবই খুশি হয়েছি। আপনারা সকলেই যদি ঐক্যবদ্ধভাবে মাঠে থাকেন তাহলে সকল অপশক্তিকে মোকাবেলা করা সম্ভব হবে। আজকে দেশে নানা ষড়যন্ত্র হচ্ছে,সকল ষড়যন্ত্র মোকাবেলা করে আবারও নৌকায় ভোট দিয়ে আওয়ামীলীকে ক্ষমতায় আনতে হবে।

আমরা দেশের জন্য অনেক কিছু করেছি। আজকে বিএনপি জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করছে। তারা ক্ষমতায় থেকে জনগণের জন্য কিছুই করেনি। বিএনপি ওয়ালাদের বলি অতো দাপিয়ে না বেড়িয়ে নির্বাচনে আসেন। জনগণ যদি আপনাদের ভোট দেয় আমরা অবশ্যই ক্ষমতা হস্তান্তর করে চলে যাবো। আপনারা তো নির্বাচনে আসবেন না, কারণ আপনারা জনগণের জন্য কিছুই করেন নি।

তিনি বলেন,উন্নয়ন অব্যাহত রাখতে আওয়ামীলীকে ক্ষমতায় আনতে হবে।সেজন্য প্রত্যেক নেতাকর্মিকে মানুষের কাছে গিয়ে নৌকায় ভোট চাইতে হবে।

জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা দিদার আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, জেলা আওয়ামীলীগ নেতা আরশাদ উদ্দিন চন্দন,,চুয়াডাঙ্গা পৌর আওয়ামী লীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আব্দুল কাদের,জেলা যুবলীগের

সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু,জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রশীদ,জামজামি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রাহাব উদ্দিন।

জামজামি ইউনিয়ন যুবলীগ নেতা ডেভিড মেম্বারের উপস্থাপনায় কর্মি সভায় বক্তব্য রাখেন জামজামি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বাবলু চৌধুরী, আওয়ামীলীগ নেতা শাহারুজ্জামান শাহানুর,শহিদুল ইসলাম,রতন শাহ,লাল্টু রহমান,রবিউল ইসলাম,শ্যামল কুমার, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, মাসুদ রানা তুহিন,আলমডাঙ্গার ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদসা,হাসান, সাকিব, রঞ্জু প্রমুখ

আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়নে কর্মী সভায় এমপি ছেলুন

আলমডাঙ্গার কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের আয়োজনে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১১ টায় কালিদাসপুর রুপনগর মাঠে এ কর্মি সভা অনুষ্ঠিত হয়।

কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন। প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,কালিদাসপুর ইউনিয়নে আজকে এ কর্মি সমাবেশ অত্যন্ত সফল হয়েছে। একটি সংগঠনের প্রাণ হলো কর্মি। আজকে এই কর্মি সমাবেশ থেকে আমাদের শপথ নিতে হবে উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আবার আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে হবে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে শেখ হাসিনার কোন বিকল্প নেই। আমাদের নেত্রী আজ ১৫ বছর ক্ষমতায় আছে।এই ১৫ বছরে এই দেশে যে উন্নয়ন হয়েছে, সেই উন্নয়ন কী আর কেউ করেছে। কেউ করেনি। বিএনপি ভোটের আগে বলেছে,ওই রাস্তা হয়ে যাবে। দুই গাড়ি ইট আর বালি ফেলে রেখেছে। যে ভোট হয়ে গেছে আর সেই রাস্তা করেনি। আমরা যা বলি তাই করি। আজকের এই সভায় বক্তারা বলেছেন এই ইউনিয়নে কী কী উন্নয়ন হয়েছে, আজকে আওয়ামীলীগ যখনই

ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়। এই কালিদাসপুর ইউনিয়নের মানুষ সন্ত্রাসীদের অত্যাচারে অতিষ্ঠ ছিল। রাতে ঘুমাতে পারে নাই। আওয়ামীলীগ ক্ষমতায় আসার পর সন্ত্রাস দমন হয়েছে। মানুষ আজ সুখে শান্তিতে বসবাস করছে। সেজন্য আওয়ামীলীগকে ক্ষমতায় আনেত শেখ হাসিনার হাত শক্তিশালী করতে বঙ্গবন্ধুর নৌকায় ভোট দিতে হবে।

কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খাঁন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, জেলা আওয়ামীলীগ নেতা আরশাদ উদ্দিন চন্দন,,চুয়াডাঙ্গা পৌর আওয়ামী লীগের সভাপতি আলাউদ্দিন হেলা, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুল কাদের,জেলা যুবলীগের সাবেক আহবায়ক আরেফিন আলম রঞ্জু,জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রশীদ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশাদুল হক মিকা।

কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক কামরুজ্জামান শামীমেন পরিচালনায় কর্মি সভায় বক্তব্য রাখেন কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাবেক আহবায়ক জালাল উদ্দিন, সাবেক যুগ্ম আহবায়ক ইউনিয়নের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম,উপজেলা যুবলীগের সাবেক আহবায়ক আহসান উল্লাহ,ইউনিয়ন আওয়ামীলীগের সহসভাপতি মোল্লা এমদাদুল হক,সাংগঠনিক সম্পাদক এমদাদ হোসেন, রুবেল হোসেন,কালিদাসপুর ইউনিয়ন যুবলীগ নেতা এরশাদ আলী, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা আশাদুল হক,আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, মাসুদ রানা তুহিন, আলমডাঙ্গা পৌর ছাত্রলীগের সাবেক সভাপতি নয়ন সরকার, আলমডাঙ্গার ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদসা,হাসান, সাকিব, রঞ্জু, আব্দুল করিম,নাজিম উদ্দিন প্রমুখ।

দামুড়হুদা উপজেলায় এসএসসি পরীক্ষায় কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

দামুড়হুদার বিভিন্ন স্কুল থেকে চলতি বছরে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের কে সংবর্ধনা দেয়া হয়েছে।

আজ শনিবার বেলা ১১টার দিকে দামুড়হুদার মোক্তারপুর বাজারস্থ ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির আয়োজনে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫প্রাপ্ত ৯৭জন শিক্ষার্থীদেরকে সংবর্ধনা দেয়া হয়।

ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির চেয়ারম্যান এ্যাড. মোহাম্মদ আসাদুল্লাহ’র সভাপতিত্বে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের অধ্যাপক মোঃ জাহাঙ্গীর আলম। মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজের প্রভাষক মোঃ সাইফুল্লাহ মুনছুরের পরিচালনায় এসময় বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দর্শনা ডিএস ফাজিল মাদরাসার প্রভাষক মোঃ আক্তারুজ্জামান, ইনসাইট ইন্টারন্যাশনাল একাডেমির প্রিন্সিপাল মোঃ আব্দুল্লাহ তাবরিজ খান।

এসময় উপস্থিত ছিলেন মোক্তারপুর ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সুলতান আহমেদ সহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ প্রমূখ।

আলমডাঙ্গার মোচাইনগরে দুই পক্ষের সংঘর্ষে আহত ৩

আলমডাঙ্গার মোচাইনগরে বিবাদমান সেচ পাম্পে পানি দেওয়াকে কেন্দ্র

করে দুই পক্ষের মধ্যে সংঘর্ষে তিনজন আহত হয়েছেন।

আজ শুক্রবার বেলা ১১ টার দিকে উপজেলার গাংনী ইউনিয়নের মোচাইনগর গ্রামে এ ঘটনায় আহত তিনজনকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গাংনী ইউনিয়নের ওই ওয়ার্ডের ইউপি সদস্য রাজা মিয়া সংঘর্ষের এতথ্য নিশ্চিত করেছেন।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, উপজেলার মোচাই নগর গ্রামের ইয়াহিয়া ও বাদলের মধ্যে একটি সেচপাম্পে পানি দেওয়া নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। ওই সেচপাম্পের মালিক বাদল। ইয়াহিয়া দীর্ঘদিন বিভিন্ন ফসলের খেতে পানি দেবার জন্য সেচপাম্পে কাজ করতেন। ইয়াহিয়া নিয়মিত জমির খেতে পানি না দেওয়ায় সেচপাম্প মালিক বাদল তার নিকট থেকে চাবি কেড়ে নেয়। শুক্রবার সকালে সেচ পাম্পে ইয়াহিয়া তার জমিতে পানি নিতে গেলে বাদলের সাথে তর্কবিতর্কে জড়িয়ে পড়েন। এক পর্যায়ে উভয়ের মধ্যে বাগবিতণ্ডা শুরু হয়। পরে উভয় পক্ষ ধারালো দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়। এতে মৃত আবদাল মন্ডলের ছেলে ইয়াহিয়া (৬০), খোকন (৪০), ইয়াহিয়ার ছেলে ইসমাইল
(৪৫) গুরুতর আহত হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন।

এ ঘটনায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, এখনো কোন অভিযোগ পাইনি। যদি কেউ লিখিত অভিযোগ দেয়,তদন্ত পূর্বক ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গার ডম্বলপুরে গ্রাম্য চিকিৎসকের ঝুলন্ত মরদেহ উদ্ধার

আলমডাঙ্গা ডম্বলপুর গ্রামের তৌহিদুল ইসলাম (৪০)’র ঝুলন্ত লাশ উদ্ধার হয়েছে। শুক্রবার সকালে গ্রামবাসী ডম্বলপুর ব্রীজের রেলিংয়ে দড়ি দিয়ে গলায় ফাঁস লাগনো অবস্থায় পানির মধ্যে ঝুলে থাকতে দেখেন তাকে। ব্রীজের পাশেই তার ব্যবহৃত

মোটরসাইকেল,স্যান্ডেল ও টুপি পড়ে ছিল। ঘাসের উপর ধ্স্তাধস্তির চিহ্ন দেখতে পান এলাকাবাসী ।

থানা পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে মর্গে প্রেরণ করেছে। সংবাদ পেয়ে চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার ঘটনাস্থল পরিদর্শন করেন।

পল্লি চিকিৎসক তৌহিদুল ইসলাম ডম্বলপুর গ্রামের মকবুল মন্ডলের ছেলে। সে এলাকায় পল্লি চিকিৎসক হিসেবে পরিচিত ও কালিদাসপুর ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি।

স্থানীয়রা জানান,পল্লি চিকিৎসক তোহিদুল ইসলাম বৃহস্পতিবার রাতে ডম্বলপুর মোড়ের একটি দোকানে চা পান করেন। পরে দোকান থেকে উঠে চলে যান। তিনি রাতে আর বাড়ি না ফিরলে পরিবারের লোকজন উদ্বিগ্ন হয়ে পড়েন। তাকে মোবাইল ফোনেও না পেয়ে খোঁজাখুঁজি শুরু করেন তারা। এরই এক পর্যায়ে শুক্রবার সকালে ডম্বলপুর-মাধবপুর সড়কে নেংটা ব্রীজ নামক স্থানে রেইল বারের সাথে তার ঝুলন্ত মৃত দেহ দেখতে পায় এলাকাবাসি। গলায় ফাঁস লাগানো অবস্থায় ব্রীজের নীচে পানির মধ্যে ঝুলে ছিল তার লাশ। ব্রীজের অদূরে তার ব্যবহৃত মোটরসাইকেল ও মাথার টুপি এবং স্যান্ডেল পড়ে থাকতে দেখেন গ্রামবাসী। ঘাসের উপর ধস্তাধস্তির চিহ্ন ছিল বলে গ্রামবাসী জানান।

এটা কি হত্যা? নাকি আত্মহত্যা, এমন প্রশ্ন গ্রামবাসীর।

কালিদাসপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান নুরুল ইসলাম (নুরু) বলেন, শুক্রবার সকালে ভাতিজা মোবাইলে জানায়, গ্রাম্য চিকিৎসক তহিদুলের ঝুলন্ত মরদেহ পাওয়া গেছে । আমি তাৎক্ষণিকভাবে আলমডাঙ্গা থানার ওসিকে মোবাইলের মাধ্যমে জানায়। পরে ঘটনাস্থলে এসে দেখি নেংটা ব্রিজের রেইল বারে তার লাশ দড়ি দিয়ে ঝুলানো। ব্রিজের পাশেই পড়ে ছিলো তার ব্যবহৃত মোটরসাইকেল ও মাথার টুপি, স্যান্ডেল।
তিনি আরো জানান, নিহত তৌহিদুল এলাকার ভালো ছেলে হিসেবে পরিচিত। পূর্বশত্রুতার জের ধরে হয়তো হত্যার ঘটনা ঘটতে পারে। দ্রুত এই ঘটনার রহস্য উন্মোচন হোক এটা দাবি জানাই।

এদিকে, শুক্রবার সকাল থেকে ওই এলাকায় লাশ দেখতে উৎসুক জনতার ভিড় নামে।স্থানীয় জানান, চিকিৎসক তৌহিদুলকে আমরা অনেক দিন ধরেই চিনি। তিনি অত্যন্ত নিরিবিলি মানুষ ছিলেন। আমরা তার লাশ দেখে

ধারণা করছি এটা কী পরিকল্পিত হত্যা নাকি আত্মহত্যা, বিষয়টি তদন্ত পূর্বক প্রশাসন দ্রুত প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে তারা মনে করেন।

সংবাদ পেয়ে চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল আনিসুজ্জামান,থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাম,ওসি তদন্ত একরামুল ঘটনাস্থল পরিদর্শন করেন।

পুলিশ লাশের সুরতহাল রির্পোট সম্পন্ন করে লাশ ময়না তদন্তের জন্য মর্গে প্রেরণ করেন।

অতিরিক্ত পুলিশ সুপার সদর সার্কেল আনিসুজ্জামান জানান, ব্রিজের রেইল বারের সাথে ঝুলন্ত অবস্থায় পল্লি চিকিৎসক তৌহিদুলের ঝুলন্ত মৃতদেহ উদ্ধার করা হয়েছে । ব্রিজের পাশেই তার ব্যবহৃত মোটর সাইকেল,স্যান্ডেল ও মাথার টুপি পাওয়া গেছে। প্রাথমিকভাবে এটা হত্যাকান্ড বলে মনে হচ্ছে, তবে আমরা তদন্ত করে বিস্তারিত জানাতে পারবো।

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের দ্বিতল আধুনিক ভবন নির্মাণ কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশনের দ্বিতল আধুনিক ভবন কার পার্কিং, প্লাটফর্ম ও শেড নির্মাণ কাজের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে ১০টায় চুয়াডাঙ্গা রেলস্টেশন চত্বরে এ উদ্বোধন করা হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন ঘোষণা করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক ছেলুন (এমপি)।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, প্রধানমন্ত্রীর হাত ধরে দেশে উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। জেলায় অনেক উন্নয়ন হয়েছে। বড়

বড় প্রকল্প বাস্তবায়ন হচ্ছে। কিছুদিন আগে ওভারপাস নির্মাণ চুয়াডাঙ্গা উন্নয়নের বড় অর্জন। এর পরপরই আবার চুয়াডাঙ্গা বাসীর সুবিধা করার জন্য আধুনিক রেলওয়ে স্টেশন বড় একটা প্রজেক্ট বাস্তবায়ন হবে এটির মাধ্যমে। এ সময় তিনি আরও বলেন শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। এই উন্নয়নের ধারা অব্যাহত রাখার জন্য তিনি আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আবারো নৌকা মার্কা ভোট দিতে হবে।

এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম, বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চলের মহাব্যবস্থাপক অসীম কুমার, রেলওয়ে পশ্চিমের প্রধান প্রকৌশলী আসাদুল হক ও জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহাফুজুর রহমান মনজু, ঠিকাদার আরেফিন আলম রঞ্জু, পৌর আওয়ামী লীগের সভাপতি আলাউদ্দিন হেলা সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও রেলওয়ে প্রশাসনের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শেষ পর্বে জানা যায়, ১০ কোটি ১৮ লাখ টাকা ব্যয়ে ধরা হয়েছে চুয়াডাঙ্গা রেলওয়ে স্টেশন দ্বিতল আধুনিক ভবন নির্মাণ কাজের। কাজ শেষ হতে সময় লাগবে ৫৪০ দিন।

দর্শনায় দোকান মালিক সমিতির ত্রি- বার্ষিক সাধারণ সভা

দর্শনায় দোকান মালিক সমিতির ত্রি-বার্ষিক সাধারন সভা অনুষ্টিত হয়েছে। আজ শুক্রবার সন্ধায় দর্শনা রেল বাজার কাঁচা বাজার চত্বরে এ সাধারন সভা অনুষ্টিত হয়।

দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সভায় সভাপতিত্ব করেন,দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতানের সভাপতিত্বে, অতিথী হিসাবে উপস্থিত ছিলেন,সাবেক সভাপতি তোফাজ্জেল হোসেন,বিশিষ্ট সমাজ সেবক হাজী আকমত আলী,আশাবুল হক উলুম,আব্দুস

সালাম,দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল,বিশিষ্ট ব্যাবসায়ী হাফিজ উদ্দীন, হারুন অর রশিদ, বিশিষ্ট হোটেল ব্যাবসায়ী জহির উদ্দীন, অনুষ্টানটি উপস্থাপনা করেন,দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সাধারন সম্পাদক, সাবির হোসেন মিকা।এ সাধারন সভায় নির্বাচন কমিশনের নাম ঘোষনা করা হয়েছে।

এ কমিটিতে প্রধান নির্বাচন কমিশনার চুয়াডাঙ্গা মহিলা সরকারী কলেজের অধ্যক্ষ আজিজুর রহমানকে প্রধান নির্বাচন কমিশনার করে। হাজী আকমত আলী, আশরাফুল হক উলুম, গোলাম ফারুক আরিফ, হানিফ মন্ডল, শফি উদ্দীন, হাফিজকে সদস্য করা হয়েছে। আগামী ২০ অক্টোবর দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির নির্বাচন অনুষ্টিত হবে।